

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ৪৬

১৭ সেপ্টেম্বর ২০২০

তারিখ: -----

০২ আশ্বিন ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

পেঁয়াজ আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে মার্জিনের হার প্রসঙ্গে।

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৫ তারিখ ০২ মার্চ ২০২০ এর অনুচ্ছেদ নং-০৩ এ পেঁয়াজসহ কতিপয় নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্যের আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে মার্জিনের হার ন্যূনতম পর্যায়ে রাখার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হয় যা ৩০ মে ২০২০ তারিখ পর্যন্ত বলবৎ ছিল।

০২। সাম্প্রতিককালে আন্তর্জাতিক বাজারে পেঁয়াজের মূল্য বৃদ্ধির কারণে স্থানীয় বাজারেও পেঁয়াজের মূল্যে উর্ধ্বগতি লক্ষ্য করা যাচ্ছে। এ প্রেক্ষাপটে, বাজারে পেঁয়াজের সরবরাহ স্বাভাবিক এবং মূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে পেঁয়াজ আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে মার্জিনের হার ন্যূনতম পর্যায়ে রাখার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং ৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত বলবৎ থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২